



বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

জীবন বীমা টাওয়ার (১৫, ১৬, ১৭ ও ২১তম তলা), ১০ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০, বাংলাদেশ।


বিএসইসি/মুখপত্র(২য় খন্ড)/২০১১/৯৮০

তারিখঃ ২২/০১/২০১৭

প্রেস বিজ্ঞপ্তি

আগামী ২৫-৩১ জানুয়ারী ২০১৭ তারিখে জাতির পিতার জন্মস্থান টুঙ্গিপাড়া ও গোপালগঞ্জে বাংলাদেশ স্কাউটসের উদ্যোগে একাদশ জাতীয় রোভার মুট ২০১৭ অনুষ্ঠিত হবে। উক্ত মুট এরিনায় (জাতির পিতার জন্মস্থান টুঙ্গিপাড়ায় একটি এবং গোপালগঞ্জে একটি) দুটি গ্লোবাল ডেভেলপমেন্ট ভিলেজ (জিডিভি) তথা প্রদর্শনী পল্লী স্থাপন করা হবে। এই দুটি প্রদর্শনী পল্লীতে প্রায় ১০,০০০ জন বাংলাদেশ রোভার স্কাউট (১৭-২৫ বছর বয়সী) এবং স্কাউটারগণ অংশগ্রহণ করবেন। অংশগ্রহণকারীদের পুঁজিবাজার সম্পর্কে সম্যক জ্ঞান ও বিনিয়োগ শিক্ষা কার্যক্রম প্রসারের লক্ষ্যে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের নেতৃত্বে পুঁজিবাজারের সকল স্টেকহোল্ডারদের সহযোগে ২টি স্টল বরাদ্দ নেওয়া হয়েছে।

এছাড়া উক্ত প্রদর্শনী পল্লীতে বিগত বছরগুলোতে পুঁজিবাজারকে নিয়ে সরকারের গৃহীত বিভিন্ন সংস্কার পদক্ষেপ গ্রহণ ও বাস্তবায়ন এবং ভবিষ্যৎ পরিকল্পনা যুব-সমাজের কাছে তুলে ধরার সুযোগকে কাজে লাগিয়ে পুঁজিবাজার সম্পর্কিত বিভিন্ন বিষয় জনগণের কাছে পৌঁছানো সম্ভব হবে। এই প্রদর্শনীতে পুঁজিবাজারের অংশগ্রহণ যুবক সম্প্রদায়ের নিকট পুঁজিবাজার সম্পর্কে প্রকৃত ও স্বচ্ছ ধারণা দিতে সক্ষম হবে বলে আশা করা যাচ্ছে।


22/01/2017

মোঃ সাইফুর রহমান

নির্বাহী পরিচালক

ও

মুখপত্র।